

বার বার সখি, বারণ করনু, ন যাও মথুরাধাম।  
 বিসরি প্রেমদুখ রাজভোগ যথি করত হমারই শ্যাম।  
 ধিক্ তুঁহ দাস্তিক, ধিক্ রসনা ধিক্, লইলি কাহারই নাম।  
 বোল তো সজনি, মথুরা-অধিপতি সো কি হমারই শ্যাম।  
 ধনকো শ্যাম সো, মথুরাপুরকো, রাজ্যমানকো হোয়।  
 নহ পীরিতিকো, ব্রজকামিনীকো, নিচয় কহনু ময় তোয়।  
 যব তুঁহ ঠারবি সো নব নরপতি জনি রে করে অবমান -  
 ছিন্নকুসুমসম ঝরব ধরা-'পর, পলকে খোয়ব প্রাণ।  
 বিসরল বিসরল সো সব বিসরল বৃন্দাবনসুখসঙ্গ -  
 নব নগরে, সখি, নবীন নাগর - উপজল নব নব রঙ্গ।  
 ভানু কহত, অয়ি বিরহকাতরা, মনমে বাঁধহ থেহ -  
 মুগুধা বালা, বুঝই বুঝলি না, হমার শ্যামক লেহ ॥

---

Parjaay: Bhanu Singher Padabali, Raag: Iman-Kalyan  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail